শিক্ষা নৈতিকতা মানবতা দেশপ্রেম

মজিদ জরিনা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর

শিক্ষাবর্ষ : ২০২২

স্মারক নংঃ ম.জ.ফা.স্কু.ক/নোটিশ/বর্ধিত/২০২২/০২ তারিখ : ২৩/১/২০২২ খ্রি.

অনলাইন শিক্ষা কার্যক্রম সংক্রান্ত জরুরী নোটিশ

অত্র প্রতিষ্ঠানের কেজি হতে ১২'শ শ্রেণির সকল শিক্ষার্থী ও তাদের অভিভাবকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব থেকে রক্ষায় পূর্ব সতর্কতার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রীপরিষদ বিভাগ ও শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী আগামি ৬/০২/২০২২ খ্রি. পর্যন্ত সকল শ্রেণির স্বশরীরে শ্রেণি পাঠদান বন্ধ থাকবে। তবে শিক্ষার্থীদের লেখাপড়ার ধারাবাহিকতা বজায় রাখতে আগামি ২৫/১/২০২২ খ্রি. হতে অনলাইন শিক্ষা কার্যক্রম শুরু হচ্ছে।

অনলাইন পাঠে অংশগ্রহণ করতে শিক্ষার্থীদের করণীয়:

১। প্রথমে ইন্টারনেট সংবলিত মোবাইল/ল্যাপটপ/কম্পিউটার হতে যেকোন ব্রাউজার ওপেন করে এড্রেস বারে কলেজের ওয়েবসাইটের ঠিকানা (www.mjfsc.edu.bd) লিখতে হবে।

২। কলেজের ওয়েবসাইটের হোম পেইজ প্রদর্শন হলে নিম্নোক্ত উপায়ে নিজ নিজ শ্রেণির অনলাইন ক্লাসমূহ প্রতিদিন রুটিন অনুযায়ী বেলা ৩.০০ ঘটিকায় দেখা যাবে।

(www.mjfsc.edu.bd → Open Video Lecture → Select Class → Search)

৩। অনলাইন ক্লাসে অংশগ্রণের পূর্বে শিক্ষার্থীরা প্রয়োজনীয় সামগ্রী (বলপেন, খাতা, ডায়েরী, বই) সঙ্গে রাখবে।

৪। ক্লাস শেষে লেকচারের কোনো অংশ বুঝতে না পারলে লিখে রাখবে এবং পরবর্তীতে বিষয় শিক্ষকের সাথে যোগাযোগ করে সমস্যাটির সমাধান করবে।

৫। প্রতি ক্লাসের HP/HW ডায়েরীতে তারিখ ও লেকচার নম্বরসহ সম্পন্ন করতে হবে। স্বশরীরে শ্রেণি পাঠদান শুরু হলে শিক্ষকগণ ধারাবাহিকভাবে HP/HW চেক করবেন। এছাড়া, বিষয় শিক্ষকগণ যেকোন সময় শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করে আপলোডকৃত লেকচারের উপর প্রশ্ন করতে পারেন।

অভিভাবকগণের প্রতি আহ্বান : আপনারা আপনার সন্তানের প্রতিদিন নির্ধারিত সময়ে অনলাইন ক্লাসে অংশগ্রহণ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং ক্লাস শেষে অবশ্যই শিক্ষার্থীর নিকট হতে মোবাইল/ল্যাপটপ জমা নিবেন।

অনলাইন ক্লাস রুটিন এড্রেস: **www.mjfsc.edu.bd→Academic Activities→ Class Routine**

স্বাস্থ্যবিধি মেনে চলুন , নিরাপদ ও সুস্থ থাকুন।

স্বাস্থ্য সচেতনতায় : MJFSC

স্বাক্ষরিত/-

২৩/০১/২০২২
এম ফরিদ আল হোসাইন
অধ্যক্ষ

বিতরণ : নোটিশ ফাইল, নোটিশ বোর্ড, ইনচার্জ(একাডেমিক), ওয়েবসাইট ও ফেসবুক প্রকাশ, সিআই/জেসিআই(সকল)